

বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের আবেদন প্রাপ্তির পর লাইসেন্স শাখা থেকে একটি নথি খুলে আবেদনটি নথিভুক্ত করা হয়। আবেদনের সাথে দাখিলযোগ্য দলিলাদি পূর্ণাঙ্গভাবে দাখিল হয়ে থাকলে যথাযথ কর্মকর্তার অনুমোদন স্বাপেক্ষে একটি তদন্ত দল আবেদিত প্রতিষ্ঠানটির ঠিকানায় গমন করে প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোগত সুযোগ সুবিধা লাইসেন্স প্রদানের উপযোগি কিনা তা নিশ্চিত করার পাশাপাশি আরও কতিপয় বিষয় পর্যালোচনা করে একটি বস্তুনিষ্ঠ প্রতিবেদন দাখিল করেন। বিষয়গুলো যেমন :-

বন্ডেড ওয়্যার হাউস  
লাইসেন্সের আবেদন প্রাপ্তির  
ও অনুমোদন উভয়ের মাঝে  
পরিপালনযোগ্য কার্যক্রমসমূহ  
কিকি ?

- (ক) প্রতিষ্ঠানে স্থাপিত মেশিনারীজ সমূহ প্রতিষ্ঠানের প্রকৃতি অনুযায়ী পূর্ণাঙ্গ পণ্য প্রস্তুতে সক্ষম কিনা;
- (খ) প্রস্তাবিত বন্ডেড প্রতিষ্ঠানের স্থাপনা ও অঙ্গন দাখিলকৃত লে-আউট প্ল্যান অনুযায়ী সঠিক কিনা;
- (গ) কাঁচামাল ও তৈরী পণ্যের গুণমান এর পরিমাণ ও ধারণ ক্ষমতা নির্ধারণ;
- (ঘ) জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং- ১৪/২০০৮ তারিখ: ২৯/০৫/২০০৮ এর সংশোধনী প্রজ্ঞাপন আদেশ নং-১৫/২০০৮ তারিখ: ২৩/১১/২০০৮ অনুযায়ী প্রতিষ্ঠানের উৎপাদন ক্ষমতা ও আমদানি প্রাপ্যতা নির্ধারণ। নতুন বন্ড লাইসেন্সের ক্ষেত্রে বার্ষিক উৎপাদন ক্ষমতার ৬০% সমপরিমাণ কাঁচামালের বার্ষিক প্রাপ্যতা নির্ধারণযোগ্য হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট মেয়াদের কাঁচামালের প্রয়োজন থাকলে তা উৎপাদন ক্ষমতার ৮০% পর্যন্ত বর্ধন করা যাবে;
- (ঙ) দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর প্রথম তফসিল অনুযায়ী প্রতিষ্ঠানে ব্যবহারযোগ্য কাঁচামাল ও আনুসাংগিক দ্রব্যাদির সঠিক বর্ণনা ও এইচ এস কোডে শ্রেণী বিন্যাস করণ;
- (চ) আবেদনের সাথে দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাইকরণ;
- (ছ) কারখানা ও ওয়্যার হাউস সমূহে অগ্নি নির্বাপক যন্ত্রপাতি যথাযথভাবে স্থাপিত আছে কিনা;
- (জ) সহযোগী প্রতিষ্ঠানের যাবতীয় তথ্য দায়দেনাসহ।

উপরের বিষয়াদিসহ পরিদর্শক দল কর্তৃক আইনানুগ বিবেচনায় বন্ড লাইসেন্স প্রদানের নিরিখে যদি আরও কিছু যাচাইযোগ্য হয় তবে তা যাচাই করে বন্ড লাইসেন্স প্রদানের যাবতীয় শর্তাদি পূরণ হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করলে বন্ড লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গ্রহণযোগ্য হবে। বন্ড লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলে প্রতিষ্ঠান লাইসেন্স ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে একাউন্ট কোড নং- ১১৩১-০০০০-০৪২১-তে জমা প্রদান করে ট্রেজারী চালানের রপি ও দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ৮৬ অনুযায়ী প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দগণ কর্তৃক এবং ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী কর্তৃক স্বাক্ষরিত ১০০০/- (এক হাজার) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত মূল্য মানের জেনারেল বন্ড দাখিল করবেন।

লাইসেন্স ফি আদায় করে ৩০(ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারীকে বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর পরিশিষ্ট-৩ এর ফরম অনুযায়ী বন্ড লাইসেন্স প্রদান করা হবে। এর পূর্বে প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সকল সদস্য বা ব্যক্তি মালিকানাধীন হলে স্বত্বাধিকারী স্বশরীরে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট উপস্থিত হয়ে বন্ড লাইসেন্সে স্বাক্ষর প্রদান করতে হবে।

লাইসেন্সিকে বন্ড লাইসেন্সের ফরমে উল্লেখিত লাইসেন্স কর্তৃক পালনীয় শর্তাবলী ও বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধিমালার বিধি-১৭ অনুযায়ী নির্ধারিত বাধ্যবাধকতা সমূহ অনুসরণ করতে হবে।